
# Sustainable Development Goals (SDG):

Sustainable Development Goals (SDG) অর্থাৎ টেকসই উন্নয়ন অভীষ্ট এর মোট ১৭টি লক্ষ্যমাত্রা আছে। প্রতিটি লক্ষ্যমাত্রার অগ্রগতির নির্ণায়ক হিসাবে বেশ কয়েকটি সূচক নির্ধারন করা আছে। এ সূচকগুলোর মধ্যে ৩.৫.১, ৩.৫.২ এবং ১৬.৩.২ নং সূচকের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ লীড মিনিস্ট্রি হিসাবে দায়িত্ব পালন করছে। এ সংক্রান্ত স্টেটম্যান্টগুলো নিম্নরূপ:


| SDG indicators for SSD |
|---|
| **3.5.1. Coverage of treatment intervention (pharmacological, psychosocial and rehabilitation and aftercare service) for substance use disorders.** |
| **3.5.2. Harmful use of alcohol, defined according to the national context as alcohol per capita consumption (aged 15 years and older) within a calendar year in liters of pure alcohol.** |
| **16.3.2. Un-sentenced detainees as a proportion of overall prison population.** |

**এ ৩টি সূচকের ক্ষেত্রেই এসডিজি ট্র্যাকারে বাৎসরিক ডাটা সরবরাহ করা হয়।**


**SDG indicator 3.5.1:** বছরে কতজন মাদকাসক্ত ব্যক্তিকে চিকিৎসার আওতায় আনা হয়েছে সে সংখ্যা নির্দেশ করে এসডিজি সূচক ৩.৫.১। বিভিন্ন সরকারি/ বেসরকারি নিরাময় কেন্দ্রের মাধ্যমে মাদকাসক্তদের এ চিকিৎসা সেবা দেয়া হয়। মাদকাসক্তদের চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে সরকার বহুবিধ পদক্ষেপ গ্রহণ করেছে। এ সংক্রান্ত তথ্য নিম্নে প্রদর্শিত হলো:



**SDG indicator 3.5.2:** বছরে মাথাপিছু এ্যালকোহল সেবনের পরিমাণ নির্দেশ করে সূচক ৩.৫.২। এ সংক্রান্ত তথ্য নিম্নে প্রদর্শিত হলো:




**SDG indicator 16.3.2:** জেলখানায় বিচারাধীন বন্দির শতকরা হার নির্দেশ করে সূচক ১৬.৩.২। এ সংক্রান্ত তথ্য নিম্নে প্রদর্শিত হলো:




বিজ্ঞ আদালত কর্তৃক বিচারাধীন বন্দিদের বিচারকার্য সম্পাদনের লক্ষ্যে আদালত হতে কারাগারে প্রেরণ করা হয়। বিজ্ঞ আদালতের নির্দেশনা মোতাবেক বন্দিদের জামিন এবং মুক্তি প্রদান করা হয়। এক্ষেত্রে কারা কর্তৃপক্ষ বন্দিদের নিরাপদ আটক নিশ্চিত করে। জেলখানায় বিচারাধীন বন্দির সংখ্যা হ্রাসের ক্ষেত্রে এ বিভাগের অবদান রাখার খুব একটা সুযোগ নেই, কারণ হাজতি বন্দির মুক্তির জন্য জামিন

দানের ক্ষমতা মহামান্য আদালতের। এক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন কারা অধিদপ্তর কেবল বন্দিদের নিরাপদ আটক নিশ্চিত করার জন্য ক্ষমতাপ্রাপ্ত। এ সূচকটির ক্ষেত্রে আইন ও বিচার বিভাগ সরাসরি সম্পৃক্ত।

এসডিজি’র লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। দারিদ্র্য দূরীকরণ, পৃথিবীর সুরক্ষা ও সবার জন্যে শান্তি-সমৃদ্ধি নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণের সর্বজনীন আহ্বানে সাড়া দিয়ে বাংলাদেশকে সঠিক পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য জাতিসংঘের সাসটেইনেবল ডেভেলপমেন্ট সল্যুশনস নেটওয়ার্ক আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ২০২১ সালে 'এসডিজি প্রোগ্রেস এ্যাওয়ার্ড' দিয়েছে। এ পুরস্কার এসডিজি’র লক্ষ্য অর্জনের ক্ষেত্রে জোরালো দায়িত্ব পালনের একটি প্রমাণপত্র। এসডিজি অর্জনে বিশ্বের ১৬৬টি দেশে মধ্যে বাংলাদেশের অবস্থান বর্তমানে ১০১তম। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে ভারত ও পাকিস্তানের চেয়ে এগিয়ে রয়েছে বাংলাদেশ।